দৈনিক ইত্তেফাক

তারিখ 20 JUN 1987 পৃষ্ঠা 1 কলাম ৫

# বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র বেতন বাড়িবে না

বাসস জানায়, গতরাতে শিক্ষা মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হইয়াছে সরকার বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানগুলির ছাত্র বেতন বাড়াইবার জন্য কোন প্রস্তাব দেন নাই।

সংবাদ বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়, সরকারী স্কুল ও কলেজে বর্তমানে প্রচলিত হারের ছাত্র বেতন যথাক্রমে ১৯৬৪ ও ১৯৬৬ সাল হইতে এযাবৎ অপরিবর্তিত ছিল। আর মাদ্রাসার ছাত্র বেতনের হার ১৯৩১ সাল হইতে অপরিবর্তিত আছে।

পরিসংখ্যান উদ্ধৃত করিয়া ইহাতে বলা হয়, দেশের ২১ শতাংশ কলেজ হইতেছে সরকারী কলেজ এবং ৭৯ শতাংশ কলেজ বেসরকারী। মাত্র ২০ শতাংশ মাধ্যমিক স্কুল সরকারী আর দেশে কেবল দুইটি সরকারী মাদ্রাসা আছে।

প্রেস বিজ্ঞপ্তিতে উল্লেখ করা

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## ছাত্র বেতন বাড়িবে না

(১ম পৃঃ পর)

হয় যে, কলেজ পর্যায়ে ৩৩ শতাংশ ছাত্র সরকারী কলেজ এবং বাদবাকী ৬৭ শতাংশ ছাত্র বেসরকারী কলেজসমূহে অধ্যয়ন করিতেছে। মাধ্যমিক পর্যায়ে মাত্র ৫ শতাংশ ছাত্র সরকারী স্কুলে এবং বাকী ৯৫ শতাংশ বেসরকারী স্কুলে অধ্যয়ন করিতেছে।